অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/16/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্টেটের টিকাদান পরিকল্পনা সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন

105,099 ডোজ গত 24 ঘন্টায় দেওয়া হয়েছে

গত সাত দিনে প্রায় 841,164টি ডোজ দেওয়া হয়েছে

পাইলট প্রোগ্রামের চতুর্থ দিনে MTA স্টেশন স্টপে পপ-আপ টিকাকরণ সাইটগুলিতে 1,175টি ডোজ পরিচালিত

রাজ্যের টিকা কর্মসূচি সম্পর্কে টিকার ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হয় এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ রাজ্যের টিকাদান কর্মসূচি সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন। গত 24 ঘন্টায় রাজ্যের বিশাল বিতরণ নেটওয়ার্কজুড়ে 105,099টি ডোজ প্রয়োগ করা হয়েছে এবং 12 মে চালু হওয়া পাইলট প্রোগ্রামের চতুর্থ দিনে MTA স্টেশন স্টপের আটটি পপ-আপ টিকাকরণ সাইটে 1,175টি ডোজ দেওয়া হয়েছে। গত সাত দিনে রাজ্যব্যাপী 841,164টি ডোজ প্রয়োগ করা হয়েছে। সপ্তাহ 22 এর বরাদ্দের 926,450টি প্রথম এবং দ্বিতীয় ডোজ আজ আসা শেষ হবে বলে আশা করা হচ্ছে।

"টিকা হল সেই অস্ত্র যা যুদ্ধ জিততে পারে, এবং প্রত্যেকে যত দ্রুত টিকা নেবে, আমরা নিরাপদে আমাদের অর্থনীতি পুনরায় খুলতে পারবো এবং একটি নতুন স্বাভাবিক অবস্থায় ফিরে যেতে পারবো," **গভর্নর কুওমো বলেন।** "আমরা কমিউনিটি নেতৃবৃন্দ এবং প্রতিষ্ঠানের সাথে কাজ চালিয়ে যাচ্ছি যাতে টিকাটি আরও নিউ ইয়র্কবাসীদের কাছে অ্যাক্সেসযোগ্য হয়, কিন্তু আমরা টিকাকরণে পিছিয়ে পড়া দেখছি এবং আমি সবাইকে মনে করিয়ে দিচ্ছি যে আমরা COVID নিয়ে আত্মতুষ্ট হতে পারি না। ভ্যাকসিনটি নিরাপদ এবং কার্যকর, এবং প্রক্রিয়াটি যতটা সম্ভব সহজ। আপনাকে কেবল রাজ্য জুড়ে আমাদের একটি সাইটে যেতে হবে, আপনার হাতা গুটিয়ে নিতে হবে, এবং আমাদের ভাইরাসের বিরুদ্ধে জয়ের এক ধাপ কাছাকাছি আনতে সহায়তা করতে হবে।"

নিউ ইয়র্ক স্টেটের সমস্ত গণ টিকাকরণ সাইট সবার জন্য আগে আসলে আগে পাবেন ভিত্তিতে ওয়াক-ইন টিকাকরণের জন্য যোগ্য নিউ ইয়র্কবাসীদের জন্য এখন উন্মুক্ত। ওয়াক-ইন অ্যাপয়েন্টমেন্টগুলি কেবল প্রথম ডোজের জন্য সংরক্ষিত এবং প্রথম ডোজ প্রদানের পরে দ্বিতীয়

ডোজ স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত হবে। উপরন্তু, সমস্ত টিকা সরবরাহকারীদের যোগ্য নিউ ইয়র্কবাসীদের জন্য ওয়াক-ইন অ্যাপয়েন্টমেন্টের অনুমতি দিতে উৎসাহিত করা হয়। যেসব মানুষ স্টেটের পরিচালিত একটি গণ টিকাদান সাইটে অ্যাপয়েন্টমেন্ট নিতে চান, তারা 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটে গিয়ে অথবা 1-833-NYS-4-VAX নম্বরে কল করে একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করতে পারবে। মানুষ অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে যেখানে টিকা উপলব্ধ আছে সেখানে যোগাযোগ করতে পারেন, অথবা তাদের কাছাকাছি টিকার অ্যাপয়েন্টমেন্টের তথ্য খুঁজতে vaccines.gov এ যেতে পারেন।

রাজ্যব্যাপী বিশদ তথ্য

প্রদান করা মোট ডোজগুলি - 17,555,423
গত 24 ঘন্টায় প্রদান করা মোট ডোজ - 105,099
গত 7 দিনে প্রদান করা মোট ডোজ - 841,164
18 এবং তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা অন্তত একটি টিকার ডোজ পেয়েছেন - 61.6%
18 এবং তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা সম্পূর্ণ টিকা ডোজ পেয়েছেন - 51.9%
সকল নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা অন্তত একটি টিকার ডোজ পেয়েছেন - 49.8%
সকল নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা সম্পূর্ণ টিকার ডোজ পেয়েছেন - 41.6%

	অন্তত একটি টিকার ডোজ নেওয়া ব্যক্তি		**সম্পূর্ণ টিকার সিরিজ সহ মানুষ**	
অঞ্চল	**ক্রমসঞ্চিত মোট**	**গত 24 ঘন্টায় বৃদ্ধি**	**ক্রমসঞ্চিত মোট**	**গত 24 ঘন্টায় বৃদ্ধি**
Capital Region	587,948	2,492	501,149	3,044
Central New York	472,434	1,760	418,292	1,714
Finger Lakes	597,286	3,166	520,516	3,099
Long Island	1,287,484	6,801	1,030,880	7,261
Mid-Hudson	1,054,218	4,908	867,163	6,586
Mohawk Valley	232,007	808	204,330	1,006
New York City	4,553,229	24,493	3,757,551	34,862
North Country	213,425	704	193,586	310
Southern Tier	307,372	939	268,878	863

Western New York	635,472	2,106	533,618	3,614
স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	9,940,875	48,177	8,295,963	62,359

অঞ্চল	**প্রাপ্ত মোট ডোজ**	**প্রদান করা মোট ডোজ**	**মোট ডোজের % যা প্রদান করা/প্রাপ্ত হয়েছে**
Capital Region	1,272,745	1,049,809	82.5%
Central New York	912,840	846,832	92.8%
Finger Lakes	1,209,345	1,081,857	89.5%
Long Island	2,577,815	2,247,086	87.2%
Mid-Hudson	2,023,120	1,842,181	91.1%
Mohawk Valley	518,810	425,150	81.9%
New York City	8,928,045	7,993,012	89.5%
North Country	443,795	398,899	89.9%
Southern Tier	632,955	556,163	87.9%
Western New York	1,272,415	1,114,434	87.6%
রাজ্য জুড়ে	19,791,885	17,555,423	88.7%

	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 1ম ডোজটি সরবরাহ করা হয়েছে	**নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 2য় ডোজগুলি সরবরাহ করা হয়েছে**	**মোট**	**ক্রমসঞ্চিত**
সপ্তাহ 1 **ডোজ আসছে 12/14 - 12/20**	163,650	0	163,650	163,650
সপ্তাহ 2 **ডোজ আসছে 12/21 - 12/27**	452,125	0	452,125	615,775
সপ্তাহ 3	227,395	0	227,395	843,170

ডোজ আসছে 12/28 – 1/03				
সপ্তাহ 4 ডোজ আসছে 1/04 – 1/10	239,025	165,150	404,175	1,247,345
সপ্তাহ 5 ডোজ আসছে 1/11 – 1/17	221,315	119,925	341,240	1,588,585
সপ্তাহ 6 ডোজ আসছে 1/18– 1/24	250,400	462,395	712,795	2,301,380
সপ্তাহ 7 ডোজ আসছে 1/25 – 1/31	260,150	239,525	499,675	2,801,055
সপ্তাহ 8 ডোজ আসছে 2/01 – 2/07	321,850	220,720	542,570	3,343,625
সপ্তাহ 9 ডোজ আসছে 2/8 – 2/14	320,000	244,500	564,500	3,908,125
সপ্তাহ 10 ডোজ আসছে 2/15 – 2/21	356,990	265,525	622,515	4,530,640
সপ্তাহ 11 ডোজ আসছে 2/22 – 2/28	393,530	305,780	699,310	5,229,950
সপ্তাহ 12 ডোজ আসছে 3/01 – 3/07	1,020,660	290,500	1,311,160	6,541,110
সপ্তাহ 13 এর ডোজ আসছে 3/08 – 3/14	618,880	526,415	1,145,295	7,686,405
সপ্তাহ 14 এর ডোজ আসছে 3/15 – 03/21	699,790	584,775	1,284,565	8,970,970
সপ্তাহ 15 এর ডোজ আসছে 3/22 – 03/28	828,000	737,080	1,565,080	10,536,050
সপ্তাহ 16 এর ডোজ আসছে 3/29 – 04/04	819,800	569,905	1,389,705	11,925,755
সপ্তাহ 17 এর ডোজ আসছে 4/05 – 4/12	1,068,455	658,770	1,727,225	13,652,980
সপ্তাহ 18 এর ডোজ আসছে 4/12 – 4/18	763,825	774,825	1,538,650	15,191,630
সপ্তাহ 19 এর ডোজ আসছে 4/12 – 4/18	738,340	507,620	1,245,960	16,437,590

সপ্তাহ 20 এর ডোজ আসছে 4/19 – 5/02	757,005	662,790	1,419,795	17,857,385
সপ্তাহ 21 এর ডোজ এসেছে 5/03 – 5/09	451,100	556,950	1,008,050	18,865,435
সপ্তাহ 22 এর ডোজ এসেছে 5/10 – 5/16	417,070	509,380	926,450	19,791,885

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা টিকা প্রদানের ফ্যাসিলিটিগুলির জন্য বাধ্যতামূলক করেছে; স্টেটের টিকাদান প্রচেষ্টার সবচেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে সকল নিউ ইয়র্কবাসী টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেল করতে পারেন। স্টেট যখন সম্পূর্ণ যোগ্য জনগণকে টিকা দেওয়ার জন্য কাজ করছে তখন নিউ ইয়র্ককারীদের সাথে প্রতারণা যাতে না করা হয় তা নিশ্চিত করার জন্য হটলাইনের কর্মীরা উপযুক্ত তদন্তকারী এজেন্সিগুলিতে অভিযোগগুলি পাঠাবেন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন